

এসো

ছারফ

শিখি

الصُّرُفُ لِلِّي (الصرف)

এসো ছারফ শিখি

মাওলানা আবু তাহের মেসবাহ

শিক্ষক, আরবী ভাষা ও সাহিত্য

মাদরাসাতুল মাদীনাহ্ আশ্রাফাবাদ

লালবাগ, ঢাকা - ১৩১০

প্রকাশনায়

মোহাম্মদী লাইব্রেরী

চকবাজার, ঢাকা - ১২১১

প্রকাশকঃ

মোহাম্মদ সাদিক উল্লাহ
মোহাম্মদী লাইব্রেরী
চকবাজার, ঢাকা- ১২১১
ফোনঃ ৯৩১৫৮৫০

(স্বৰ্বস্তু লেখকের)

প্রথম প্রকাশ-

রজব, ১৪২০ হিজরী
অক্টোবর, ১৯৯৯ ইংরেজী

মুদ্রণে- মোহাম্মদী প্রিন্টিং প্রেস
৪৯, হরনাথ ঘোষ রোড, ঢাকা- ১২১১

কম্পিউটার কল্পোজঃ

দারুল্ল কলম কম্পিউটার
মাদরাসাতুল মাদিনাহ আশ্রাফাবাদ, লালবাগ, ঢাকা-১৩১০ ফোনঃ

হানিয়া : ১০০ টাকা মাত্র

প্রাপ্তিষ্ঠান

মোহাম্মদী লাইব্রেরী

৬০, চকবাজার, ঢাকা- ১২১১
ফোনঃ ৯৩১৫৮৫০

মোহাম্মদী লাইব্রেরী

বিশাল বুক কমপ্লেক্স, বাংলাবাজার, ঢাকা
মোবাইলঃ ০১৭১৫১২৬২৩৬

اللَّهُمَّ

أَتُشَرِّفُ بِإِهْدَاءِ هَذَا الْعَمَلِ
الْمُتَوَاضِعِ
إِلَى مَنْ أَخَذَ بِيْدِي إِلَى مَائِدَةِ
الْأَدْبِ الْعَرَبِيِّ وَإِذَا قَنَى حَلَوْتَهُ
إِلَى مَنْ يُسْرِهُ أَنْ يَرَانِي دَائِمًا فِي
خَدْمَةِ لِغَةِ الْقُرْآنِ وَالسَّنَةِ
إِلَى مَنْ لَا أَنْسَى فَضْلَهُ وَمِنْهُ عَلَى
مَا حَيَّتِ
إِلَى أَسْتَاذِي الْجَلِيلِ سُلْطَانِ ذُوقِ
النَّدْوِيِّ - حَفَظَهُ اللَّهُ .
تَلَمِيذُكُمْ
الَّذِي لَا يَنْسَاكُمْ وَيَرْجُو أَنْ لَا تَنْسُوهُ

ମାଦାନୀ ନେହାବେର ଅନ୍ୟାନ୍ୟ କିତାବ

- (୧) ପ୍ରଥମ ଶବ୍ଦରେ ଅନ୍ୟାନ୍ୟ କିତାବ
- (୨) ଦ୍ୱାରା ଅନ୍ୟାନ୍ୟ କିତାବ
- (୩) ତୃତୀୟ ଅନ୍ୟାନ୍ୟ କିତାବ
- (୪) ପ୍ରଥମ ଶବ୍ଦରେ ଅନ୍ୟାନ୍ୟ କିତାବ
- (୫) ଦ୍ୱାରା ଅନ୍ୟାନ୍ୟ କିତାବ

ଲିଖାନୀ ଅନ୍ୟାନ୍ୟ କିତାବ

- (୧) ଜୀବା ରସାଯନ ଶାସ୍ତ୍ର ଅନ୍ୟାନ୍ୟ କିତାବ
- (୨) ବାଣିଜ୍ୟ ଅନ୍ୟାନ୍ୟ କିତାବ
- (୩) ପ୍ରକାଶନ ଅନ୍ୟାନ୍ୟ କିତାବ
- (୪) ପ୍ରକାଶନ ଅନ୍ୟାନ୍ୟ କିତାବ

দু'টি কথা

আরবী ভাষা স্বয়ং আল্লাহ রাকুল আলামীনের পক্ষ হতে কোরআন ও সুন্নাহর ভাষা রূপে নির্বাচিত হয়েছে, সেহেতু আরবী ভাষার সাধারণ জ্ঞান অর্জন করা প্রত্যেক মুসলমানের ঈমানী দায়িত্ব। কেননা আমার আল্লাহ আমার দুনিয়া-আখেরাতের শান্তি ও মুক্তির জন্য কী নাফিল করেছেন এবং আমার নাবী আমার জীবন সমস্যার সমাধানের জন্য কী রেখে গেছেন তা তরজমার মাধ্যম ছাড়া সরাসরি সে ভাষায় বোঝার চেষ্টা করাই তো হবে আমার আল্লাহ-প্রেম ও নাবী-প্রেমের স্বতঃকৃত দাবী!

তবে কোরআন, সুন্নাহ ও শরীয়তের সুবিজ্ঞ ও সুযোগ্য আলিম হওয়ার জন্য আরবী ভাষায় পূর্ণ বৃংপত্তি অর্জন করা অপরিহার্য। ভাষার সাধারণ জ্ঞান এক্ষেত্রে গ্রহণযোগ্য নয়। কেননা সাধারণ ভাষাজ্ঞানের উপর নির্ভর করে কোরআন, সুন্নাহ ও শরীয়তের গভীরে প্রবেশ করা আর দু'দিনের 'সন্তরণ বিদ্যার' উপর সাহস করে অকূল দরিয়ায় ঝাঁপ দেয়া একই পরিণতি ডেকে আনবে, তাতে কোন সন্দেহ নেই। তাই যারা দ্বীন ও শরীয়তের আলিম হবে এবং কোরআন-সুন্নাহ ও শরীয়তের ইলমের 'ধারক, বাহক ও রক্ষক' হবে তাদের জন্য আরবী ভাষার সাধারণ জ্ঞান অর্জনের পর ভাষার শান্তীয় ও তত্ত্বগত জ্ঞান অর্জন করা অপরিহার্য কর্তব্য।'

একারণেই দেখা যায়, বিজয়াভিযানের মাধ্যমে ইসলাম যখন জায়িরাতুল আরবের সীমানা অতিক্রম করলো! তখন থেকেই ওলামায়ে উচ্চত আরবী ভাষার

১. এখন তো মনে হয় সাধারণ আরবী ভাষাজ্ঞানের প্রয়োজন নেই। কেননা এখনকার 'মুজতাহিদ ছাহেবান' মাশাআল্লাহ শুধু 'অনুবাদ জ্ঞানের' ভেলায় চড়েই ইজতিহাদের মহাসমূহ পাঢ়ি দেয়ার হিস্ত রাখেন।

পূর্ণ শাস্ত্রীয় জ্ঞান অর্জনের নিরবচ্ছিন্ন সাধনায় আত্মনিয়োগ করেছেন। এমনকি এ ঘয়দানে পুরো জিন্দেগী ওয়াকফ করে দিয়েছেন। তাঁদের এই জীবনব্যাপী সাধনারই ফল স্বরূপ অভিধান, ব্যাকরণ ও অলঙ্কার শাস্ত্রের এক সুবিশাল গ্রন্থ-সংজ্ঞা গড়ে উঠেছে, যা বিশ্বের যে কোন জাতির হস্তয়ে সশ্রদ্ধ বিশ্বয় উদ্বেক করার জন্য যথেষ্ট।

আরবী ভাষা-সংশ্লিষ্ট প্রতিটি শাস্ত্রের উপর প্রয়োজনীয় পাঠ্যপুস্তক রচনার শুরু দায়িত্বও ওলামায়ে কেরাম শুরু থেকে আঞ্চাম দিয়ে এসেছেন। এ ক্ষেত্রে আলিমগণ সবসময় যুগ-চাহিদা ও সমাজ-মানস সম্পর্কে পূর্ণ সচেতনতার পরিচয় দিয়েছেন এবং সে আলোকে পূর্ববর্তী কিতাবের পরিবর্তে নতুন কিতাব তৈরী করেছেন। বলাবাহল্য যে, পূর্বসূরীদের রচনাসম্মত উপস্থিতি সত্রেও যুগ, সমাজ ও পরিবেশের পরিবর্তিত দাবী ও চাহিদার প্রেক্ষিতে নতুন গ্রন্থ প্রণয়নই হলো উত্তরসূরী আকাবিরগণের অনুসৃত নীতি।

পাঠ্যপুস্তক প্রণয়নের ক্ষেত্রে আমাদের আকাবিরগণ আরেকটি সর্বস্বীকৃত মূলনীতি অনুসরণ করেছেন। তা এই যে, যে কোন শাস্ত্রের সাথে প্রথম পরিচয় শিক্ষার্থীর মাতৃভাষায় হওয়া উচিৎ, যাতে একজন শিক্ষার্থীকে বিষয় ও ভাষার বোঝা একত্রে বহন করতে না হয়। অভিজ্ঞতাও এটাই বলে যে, মাতৃভাষায় কোন শাস্ত্রের মূল বিষয় আত্মস্থ করার পর অন্য ভাষায় বিশদ ও সম্প্রসারিত অধ্যয়ন সহজ হয়ে থাকে। (অবশ্য এ জন্য সর্বাগ্রে মাতৃভাষার ‘পর্যাণ জ্ঞান দরকার।)

এ দৃষ্টিকোণ থেকেই দেখা যায়, রাষ্ট্রীয় পৃষ্ঠপোষকতার সুবাদে ফারসী ভাষা যত দিন ভারতীয় মুসলমানদের সমাজে প্রায় মাতৃভাষার মত অস্তরঙ্গ ও বহুব্যবহৃত ছিলো তত দিন আরবী ভাষার পরিবর্তে ফারসী ভাষাকেই তাঁরা শাস্ত্রের প্রাথমিক শিক্ষার মাধ্যম রূপে গ্রহণ করেছেন। আবার যখন যুগের হাওয়া বদল হলো এবং মুসলিম সমাজ থেকে রাজভাষা ফারসীর প্রভাব প্রায় মুছে গেলো তখন কোন অঙ্গুহাতেই ফারসীর প্রতি বিন্দুমাত্র পক্ষপাতিত্ব না করে উদ্দৃ ভাষাকেই তাঁরা অগ্রাধিকার প্রদান করেছেন।

ছারফ শাস্ত্রের কথাই ধরুন, হিন্দুস্তানী ওলামায়ে কেরাম ফারসীর যুগে ميزان

এর মত মৌলিক উল্লেখ ও মন্তব্য পঁজ-কিং, ফসোল অক্বী, জন্গ চৰf কিতাব যেমন রচনা করেছেন তেমনি পরবর্তী মুগে উর্দ্ধ ভাষায় ও কাব চৰf এর মত মৌলিক কিতাব রচনা করেছেন এবং দরসে নিয়ামীৰ শিক্ষাঙ্গনে তা অত্যন্ত সমাদৃতও হয়েছে ।

তাছাড়া কেউ কেউ ফারসী কিতাবগুলোরই হুবহ উর্দ্ধ তরজমা পেশ করেছেন। অবশ্য যুক্তিসঙ্গত কারণেই সেগুলো তেমন গ্ৰহণযোগ্যতা লাভ কৰেনি ।

দুঃখের বিষয় যে, আমদের দেশে বাংলাভাষী শিক্ষার্থীদের ক্ষেত্ৰে আমরা হিন্দুস্তানী ওলামায়ে কেৱামের দৃষ্টান্ত অনুসৰণ কৰতে পাৰিনি। ফলে সমাজ ও পৰিবেশ উপযোগী কোন পাঠ্যপুস্তক যেমন রচিত হয়নি তেমনি প্ৰাথমিক শিক্ষার মাধ্যম রূপে মাতৃভাষা বাংলাও প্ৰতিষ্ঠা লাভ কৰেনি। মুগ মুগ ধৰে ফারসী এবং উর্দ্ধ ভাষাতেই চলে আসছে আমদের যাবতীয় পঠন-পাঠন। একাৱণে শিক্ষার মানগত ক্ষেত্ৰে ‘পশ্চিমের’ তুলনায় ‘পূব’ সব সময় পিছিয়ে আছে। এমনকি বৰ্তমান মুসলিম বিশ্বের শ্ৰেষ্ঠ ইসলামী চিন্তাবিদ ও শিক্ষাবিদ মাওলানা সাইয়েদ আবুল হাসান আলী নাদাৰী (মুঃ যঃ আঃ) এ বিষয়ে বারবাৰ আমদের উপদেশ দিয়েছেন, তবু আমরা সচেতন হইনি ।

অতিসম্পৃতি অবশ্য বাংলাকে প্ৰাথমিক শিক্ষার মাধ্যম রূপে গ্ৰহণ কৰাৰ একটা ধীৱ মানসিক প্ৰস্তুতি লক্ষ্য কৰা যাচ্ছে। সে হিসাবে আশা কৰা গিয়েছিলো যে, এ দেশেৰ সুবিজ্ঞ আলিম সমাজ অন্তত এ পৰ্যায়ে স্থান-কাল-পাত্ৰেৰ চাহিদা অনুযায়ী বাংলাভাষায় মৌলিক ও গবেষণামূলক পাঠ্যপুস্তক রচনায় এগিয়ে আসবেন। সে যোগ্যতাও ছিলো তাঁদেৱ। কিন্তু তা হয়নি। কেননা যে কোন মৌলিক গবেষণার জন্য যোগ্যতাৰ পাশাপাশি উদ্যম ও আত্মনিমগ্নতাৰও সমান প্ৰয়োজন। আৱ পশ্চিমেৰ তুলনায় পূবেৱ ইলমী দুনিয়ায় যে এ জিনিসটাৱ বেশ ঘাটতি রয়েছে তা লজ্জাৰ বিষয় হলেও স্বীকাৰ কৰে নেয়াই ভালো ।

একাৱণেই দেখা গেলো যে, অন্যান্য ক্ষেত্ৰে মত এ ক্ষেত্ৰেও মৌলিক গবেষণা ও রচনাৰ দায় ও কষ্ট এড়িয়ে তৰজমাৰ আশ্রয়গ্ৰহণকেই নিৱাপদ ও

সহজ মনে করা হয়েছে। তদুপরি তরজমাও হয়েছে এমন যে, দুর্বোধ্যতায় মূলকেও হার মানায়। অবশ্য এ ক্ষেত্রে দু'একটি নিজস্ব রচনা যে আসেনি তা নয়, কিন্তু সেগুলোও পাঠ্যপুস্তকের উপযোগিতা লাভ করতে পারেনি।

আমাদের ঐতিহ্যবাহী দরসে নিয়ামীর যুগোপযোগী সংশোধন ও সংকারের যে মহৎ প্রচেষ্টা ও উদ্যোগ (النهج المدنی মাদানী নেছাব) নামে মাদরাসাতুল মাদীনাহ প্রহণ করেছে তার জন্য ইতিমধ্যে আদৰ, নাহুব ও অলঙ্কার শাস্ত্রের উপর মাতৃভাষায় তিনটি মৌলিক পাঠ্য গ্রন্থ রচিত হয়েছে এবং আল্লাহর রহমতে বেশ উপকারী প্রমাণিত হয়েছে। ছারফ শাস্ত্রের ক্ষেত্রেও অনুরূপ একটি প্রাথমিক ও সমৃদ্ধ পাঠ্য গ্রন্থ প্রণয়নের সুতীব্র প্রয়োজন অনুভূত হয়ে আসছিলো। কিন্তু বিভিন্ন প্রতিকূলতার কারণে সময়মত তা হয়ে উঠেনি। ফলে মাদানী নেছাবে ছারফ শাস্ত্রের পঠন-পাঠনের ক্ষেত্রে এতদিন একটা শূন্যতা বিরাজ করছিলো। আর বিদ্যমান ছারফী কিতাবগুলো দ্বারা মাদানী নেছাবের 'প্রয়োজন' পুরা করা ও সম্ভব ছিলো না।

(الطريق إلى الصرف এসো ছারফ শিখ) নামে ছারফ শাস্ত্রের প্রাথমিক পর্যায়ের একটি 'আদর্শগ্রন্থ' প্রণয়নের কাজে হাত দিয়েছিলাম শুধু আল্লাহর রহমত, মদদ ও তাওফীকের উপর ভরসা করে। এ মহাগুরু দায়িত্ব আঙ্গাম দেয়ার জন্য উদ্যমের অভাব ছিলো কি না বলতে পারি না, তবে যোগ্যতার যে অভাব ছিলো সে সম্পর্কে পূর্ণ সচেতন ছিলাম। কিন্তু আমরা যে মহান আসাতেয়ায়ে কেরামের ছোহবত লাভ করেছি তাঁদের শিক্ষা ছিলো এই যে, মানুষ যখন কোন কাজ 'করে' তখন সে নাকাম হয়, আর যখন কাজ 'করানো' হয় তখন কামিয়াব হয়।

পরম সৌভাগ্য এই যে, আমার শাফীক আসাতেয়ায়ে কেরাম তখনো দু'আ করেছেন, এখনো দু'আ করছেন - যেন আল্লাহ তাঁদের এই অধম ছাত্রকে দিয়ে তাঁর পসন্দ মত কাজ করিয়ে নেন। আর আম্বা-আববার সকাল-সন্ধ্যা ও দিন-রাতের হৃদয় নিংড়ানো ও অশ্রুসিঙ্ক দু'আ তো প্রতি মুহূর্ত আমাকে ঘিরে রেখেছে!

একারণে কোন কাজ শুরু করার সময় যোগ্যতার অভাববোধ কখনো

আমাকে হতোদ্যম করতে পারেনি। বরং এ বিশ্বাস সর্বদা মনোবল যুগিয়েছে যে, আল্লাহর রহমত তো বহানে মি জোড, বহানে ন্মি জোড (সুযোগ খোজে, সু-যোগ খোজে না)।

আল্লাহ পাকের শায়ানে শান শোকর যে, অধম বান্দার বিশ্বাসের লাজ তিনি রেখেছেন এবং অবশেষে প্রথম খণ্ড আত্মপ্রকাশ করছে।

এ বাণের উল্লেখযোগ্য বৈশিষ্ট্য এই যে, প্রথম পর্বে ميران ও شد-গঠন প্রণালী এবং দ্বিতীয় পর্বে منشعب (বা বিভিন্ন বাব) প্রসঙ্গ আলোচিত হয়েছে। এর পরবর্তী কিতাব হিসাবে তার সাথে সঙ্গতি রক্ষা করে গুলোকে একবচন, দ্বিবচন ও বহুবচন - এভাবে সাজানো হয়েছে। এর পরবর্তী কিতাব হিসাবে তার সাথে সঙ্গতি রক্ষা করে গুলোর 'মশক' বাদ দিয়ে শুধু তথ্যগত জ্ঞান দান করা হয়েছে। এছাড়া অন্যান্য ক্ষেত্রে পশ্চ ও অনুশীলনীর মাধ্যমে প্রতিটি বিষয়কে পূর্ণ আত্মস্থ করানোর চেষ্টা করা হয়েছে।

প্রয়োজনীয় ক্ষেত্রে ছারফ শাস্ত্রীয় পরিভাষাগুলোর সহজ বাংলা পরিভাষা পেশ করা হয়েছে। যেমন رياعي و لاثي ও এর বাংলা করা হয়েছে যথাক্রমে ত্রিমূল ও চতুর্মূল।

যেহেতু এর মুখস্থ করা হয়েছে সেহেতু এখানে অংশে منشعب অংশে تعليلات এরও আংশিক আলোচনা দেয়া হয়েছে। অবশ্য তালীলের নিয়ম ও সূত্রগুলো সম্পূর্ণ নতুন শৈলীতে সুসংক্ষেপিত ও সহজতর রূপে পেশ করা হয়েছে এবং প্রতিটি নিয়ম ও সূত্রের এমন ভাবে একটি নাম দেয়া হয়েছে যাতে নামের মধ্যেই সূত্রের সিংহভাগ বর্ণনা এসে যায়। যেমন -

ছারফের স্কল কিতাবে বলা হয়েছে, 'ওয়াও-ইয়া যাদি মুতাহারিক হয় এবং তার পূর্ববর্তী হরফ মাফতুহ হয় তাহলে উক্ত ওয়াও-ইয়াকে আলিফ দ্বারা বদল করা ওয়াজিব।'

এই অনাবশ্যক দীর্ঘতা ও 'শদ-অপচয়' পরিহার করে আমরা বলেছি, 'ফাতহার পর মুতাহারিক ওয়াও-ইয়া আলিফ হয়ে যায়।' অতঃপর আমরা

সূত্রটির নাম দিয়েছি 'ফাতহার পর মুতাহারিক ওয়াও-ইয়ার নিয়ম।' প্রায় প্রতিটি সূত্র ও নিয়মের ক্ষেত্রেই এটা করা হয়েছে।

অন্যান্য কিতাবে এর নিয়মগুলোকে গতানুগতিক ভাবে আজোফ, ইত্যাদি বিভিন্ন ভাগে ভাগ করা হয়েছে। অথচ প্রায়োগিক দিক থেকে তা বাস্তবানুগ নয়। যেমন পূর্বোক্ত নিয়মটিকে আজোফ এর নিয়ম বলা হয় অথচ তা প্রায় দুটি বাইরের ন্যায় এর মধ্যেও প্রযুক্ত হয়। এ কারণে আমরা এই অনাবশ্যক বিভাজন রক্ষা করিনি। তাছাড়া বিরল দু'একটি শব্দের খাতিরে নিয়মকে জামান করার প্রবণতা প্রাথমিক কিতাব হিসাবে এখানে আমরা ইচ্ছা করেই এড়িয়ে গেছি। অবশ্য দ্বিতীয় খণ্ডের প্রথম পর্বে উল্লিখিত এর সামগ্রিক আলোচনা আসবে ইনশাআল্লাহ।

প্রসঙ্গ ছারফের নবীন শিক্ষার্থীদের জন্য বেশ পেরেশানির কারণ হয়ে থাকে। ছাত্রাবস্থায় আমরাও পেরেশান হয়েছি। সেজন্য ছারফ শাস্ত্রের গৃহ্ণ-সংগ্রহ অধ্যয়ন করে বিষয়টাকে বিশদ ও প্রাঞ্জল করার চেষ্টা করেছি, যা ছারফের অন্য কোন পাঠ্যপুস্তকে দেখা যায় না।

মাদানী নেছাবের প্রথম লক্ষ্য হলো বর্তমান দরসে নিয়ামীর শিক্ষা ক্ষেত্রে 'সময় সংকোচন ও মানোন্নয়ন'। এ জন্য প্রাথমিক (মক্তব) স্তরে দশটি এবং প্রবর্তী স্তরগুলোতে বিশটি, মোট ত্রিশটি পাঠ্যপুস্তক তৈরী করা আবশ্যিক। অথচ এপর্যন্ত মাত্র চার পাঁচটি পুস্তকের 'খসড়া সংক্রণ' প্রকাশিত হয়েছে। সুতরাং বলাবাহ্য যে, মাদানী নেছান এখন তার প্রাথমিক পর্যায় অতিক্রম করছে মাত্র। মঙ্গিল আমাদের বহু দূরে। তাই আমরা মনে করি, চূড়ান্ত কোন মন্তব্য করার যথার্থ সময় এখনো আসেনি। এ মহূর্তে আমরা যেমন উচ্চাস দেখাতে রাজী নই, তেমনি 'বন্ধুদের' মুখেও হতাশার কথা শুনতে প্রস্তুত নই। এখন আমরা শুধু 'কবুল করো রাবানা!' বলে দুরু দুরু বুকে কাজ করে যেতে চাই।

দেখুন, জমিতে একটি বৌজ ফেলে দু'দিনের মাথায় মাটি ঝুঁড়ে বীজের অবস্থা জানার কৌতুহল প্রকাশ করা, কিংবা দু' সপ্তাহ পর মাটি ঝুঁড়ে অঙ্কুর বের হতে দেখেই উচ্চাস প্রকাশ করা অথবা দু'তিন বছরেও ফলের দেখা নেই বলে

হতাশ হওয়া - কোনটাই বুদ্ধিমানের কাজ নয়। অথচ এ তিন গুণেই আমরা বাস্তালী! তাই বন্ধুদের নিকট সবিনয় নিবেদন, একটু অপেক্ষা করুন এবং আমাদের সফলতার জন্য আশ্চাহর দরবারে দু'আ করুন।

এরপর হলো দ্বিতীয় ও চূড়ান্ত লক্ষ্য। যদিও তা প্রকশ করার উপযুক্ত সময় এখনো আসেনি এবং অযথা 'বিতর্কের সুযোগ' সৃষ্টি করা বুদ্ধির কাজ নয়, তবু 'নিঃশ্বাসের বিশ্বাস নেই' - এ নির্মম সত্যকে শ্বরণ করে আজ কাগজের বুকে একটু ইঙ্গিত রেখে দিতে চাই, যেন আমার পরে আগামী দিনের কোন দরদী বন্ধু এ পথের পথিক হতে চাইলে মঞ্জিলে মকছুদ খুঁজে পান।

এই দ্বিতীয় উদ্দেশ্যের কথা দেওবন্দী পরিবারের শ্রদ্ধেয় ব্যক্তি হ্যরত মাওলানা মুফতি মাহমুদ (রহঃ) মোটামুটি এভাবে বলেছেন -

দ্বীন ও দুনিয়ার শিক্ষা যেদিন থেকে বিভাজিত হয়েছে সেদিন থেকে উশ্মাহর দুর্ভাগ্য শুরু হয়েছে।

বস্তুত আসমানী ইলম এবং দুনিয়াবী ইলম নামে দুটি আলাদা জিনিসের অস্তিত্ব শরীয়তে নেই। কেননা **كَلْبًا أَلْأَسْمَا، وَعِلْمًا أَدَمَ**, বলে যে সকল জ্ঞানের প্রতি ইঙ্গিত করা হয়েছে তা সবই আসমানী ও জাগ্নাতী ইলম। তদ্বপ **وَأَنَّ** **الْجَدِيدَ** এবং **الْأَكْمَهَ** এবং **الْأَبْرَصَ** এবং সর্বোপরি যে জ্ঞানের সাহায্যে 'বদর ও অহনের সেনাপতি' যুদ্ধ পরিচালনা করেছেন এবং মসজিদে নববীকে কেন্দ্র করে শাসন পরিচালনা করেছেন তা সবই নববী ইলম। তদ্বপ যে জ্ঞানের সাহায্যে হ্যরত ওমর (রাঃ) ইরাকের ভূমি জরিপ করেছেন সেটাও ছাহাবা ওয়ালা ইলম।

সুতরাং উশ্মাহ যদি বিশ্বের জাতিবর্গের মাহফিলে মর্যাদা ও নেতৃত্বের আসন লাভ করতে চায় তাহলে আসমানী ও নববী ইলম রূপেই 'সবকিছুর' শিক্ষা অর্জন করতে হবে এবং মাদরাসাতুচুফ্ফার সিলসিলার ধারক ও বাহক যে ওলামায়ে কেরাম তাঁদের কাছ থেকেই শিক্ষা লাভ করতে হবে।

ইসলামী শিক্ষার এই অবিভাজ্য রূপরেখাই দূর ভবিষ্যতে মাদরাসাতুল মাদীনাহ মুসলিম উশ্মাহর সামনে তুলে ধরতে চায়। **وَمَا ذَلِكَ عَلَى اللَّهِ بِعِزْبَرٍ**।

‘সময়’ তো সবসময় আসে না, তাই প্রসঙ্গক্রমে ‘অপ্রাসঙ্গিক’ কিছু কথার ইঙ্গিত করা হলো। আল্লাহ যদি ‘জীবন রক্ষা করেন’ এবং তাওফীক দান করেন তাহলে মাগামীতে এ প্রসঙ্গে বিশদ আলোচনার ইচ্ছা রইলো।

পরিশেষে মূল কথায় ফিরে আসি علوم العربية، নামে যতগুলো শান্ত প্রচলিত রয়েছে তন্মধ্যে ছারফ শাস্ত্রের মত এমন ‘কাষ্ঠ-বিষয়’ সম্বত দ্বিতীয়টি নেই। তাতে না আছে রস, না আছে কষ। জুন স্কার বলে একটা কথা সেই মীয়ানের প্রথম সবকেই আমাদেরকে বুঝিয়ে দেয়া হয়েছিলো এবং আমরাও হাড়ে হাড়ে তা টের পেয়েছি। কিন্তু একথা স্বীকার করতেই হবে যে, ভাষার শব্দ-কাঠামোর বিশুদ্ধতা রক্ষার জন্য ছারফ শাস্ত্রের কোন বিকল্প নেই। তাই অতি অবশ্যই আমাদেরকে ছারফ অধ্যয়ন করতে হবে এবং তাতে বৃৎপত্তি অর্জন করতে হবে। এদিকে লক্ষ্য রেখে উল্লেখ করা হচ্ছে কিতাবটিকে ছারফ শাস্ত্রের প্রাথমিক পর্যায়ের একটি আদর্শ পাঠ্যপুস্তক কাপে তৈরী করার যথাসাধ্য চেষ্টা করা হয়েছে এবং নতুন নতুন রীতি ও শৈলী প্রয়োগের মাধ্যমে তাতে রস ও প্রাণ সঞ্চারের চেষ্টা করা হয়েছে। তবে নতুন পরীক্ষা হিসাবে এক্ষেত্রে আমাদের চিন্তায় ও উপস্থাপনায় ভুলঙ্ঘন থেকে যাওয়া বিচ্ছিন্ন নয়। সুতরাং বিদঞ্চ ওলামায়ে কেরামের খিদমতে বিনীত নিবেদন এই যে, ক্রটি সংশোধন ও উৎকর্ষ সাধনের জন্য সুচিত্তিত পরামর্শ দান করে সকলে আল্লাহর নিকট আজর ও ছাওয়াবের ভাগীদার হবেন। আল্লাহ কবুল করুন এবং মাকবুল করুন। আর যারা আমীন বলবে আল্লাহ তাদের কল্যাণ করুন। আমীন।

- আবু তাহের মেছবাহ
২৪ / ৬ / ১৪২০ হিঃ

ଶ୍ରୀ ତାଲିବୁଲ ଇଲମ!

ଆମରା ତୋମାକେ ଆନ୍ତରିକ ମୋବାରକବାଦ ଜାନାଇ । କେନନା ତୁମି ଇଲମେ ଦ୍ୱୀନ ହାଚିଲ କରାର ଏକ ସୁଦୀର୍ଘ ସଫରେ ଯାତ୍ରା କରେଛୋ । ଆର ହାଦୀଛ ଶରୀଫେ ରାସୁଲୁଲ୍ଲାହ ଛାନ୍ନାହୁ ଆଲାଇହି ଓସାନ୍ନାମ ବଲେଛେ-

ଯେ ବ୍ୟକ୍ତି ଇଲମେର ସନ୍ଧାନେ କୋନ ପଥେ ଯାତ୍ରା କରବେ ଆନ୍ଦ୍ରାହ ତାର ଜନ୍ୟ ଜାନ୍ମାତ୍ରେ ପଥ ସହଜ କରେ ଦେବେନ ।

ସୁତରାଂ ଦୁ'ଆ କରି, ତୋମାର ଏ ସଫର ବରକତପୂର୍ଣ୍ଣ ହୋକ । ଆନ୍ଦ୍ରାହର ମଦଦ ଓ ନୋହରତ ତୋମାର ସଙ୍ଗୀ ହୋକ ଏବଂ ତଳବେ ଇଲମେର ଆସଲ ଯେ ମାକଛୁଦ ତାତେ ତୁମି କାମିଯାବ ହୁଏ ।

ତଳବେ ଇଲମେର ଏ ଦୀର୍ଘ ସଫରେର ପ୍ରତ୍ୟେକ ମଞ୍ଜିଲେ ଆମରା ତୋମାର ରକ୍ଷିକେ ସଫର ହତେ ଚାଇ ଏବଂ ପ୍ରୟୋଜନୀୟ ଇଲମୀ ପାଥେୟ ତୋମାର ହାତେ ତୁଲେ ଦିତେ ଚାଇ, ଯାତେ ଆନ୍ଦ୍ରାହର ଇଚ୍ଛାୟ ତୋମାର ତଳବୁଲ ଇଲମେର ଏ ସଫର ପୂର୍ଣ୍ଣ କାମିଯାବ ହୟ ।

الطريق إلى آرية بآرامي شيشاير باللغة العربية
କିତାବଖାନା ପେଶ କରା ହେବିଛିଲୋ । ଆଶାକରି ତା ଦ୍ୱାରା ଆରବୀ ଭାଷାର ସାଥେ ତୋମାର ମୋଟାମୁଟି ଏକଟା ପରିଚୟ ଗଡ଼େ ଉଠେଛେ ।

الطريق إلى آرامي شيشاير باللغة العربية
كିତାବଖାନା ପଡ଼ିବେ ଏବଂ ତା ଥିକେ ଆରବୀ ଭାଷାର ଶବ୍ଦକାଠାମୋର ନିୟମକାନୁନ ଜାନତେ ପାରବେ । ଏରପର ଆଗାମୀ ବଚର ସଥନ
الطريق إلى النحو
କିତାବଖାନା ପଡ଼ିବେ ତଥନ ଆରବୀ ଭାଷାର ବାକ୍ୟକାଠାମୋର ନିୟମକାନୁନ ଜାନତେ ପାରବେ ।

ଆରବୀ ଭାଷାର ଜନ୍ୟ ଛାରଫ ଓ ନାହ୍ବ ଦୁ'ଟୋଇ ଅତି ଗର୍ଭତୁପୂର୍ଣ୍ଣ ବିଷୟ । ଖୁବ

সহজে এবং অল্প সময়ে তুমি যাতে এ দুই বিষয়ে পূর্ণ জ্ঞান লাভ করতে পারো
সে জন্য তোমার বয়স ও মেধার উপযোগী করে খুব সহজ ভাষায় এবং সরল
পদ্ধতিতে বই দু'টি রচিত হয়েছে।

তুমি যদি জীবনের এ মহামূল্যবান সময়গুলোর পূর্ণ কদর করো, ইলম
হাছিলের জন্য যথাযোগ্য মেহনত করো, ইলমের যাবতী আদব রক্ষা করো,
আল্লাহ ও তাঁর রাসূলের আনুগত্য করো এবং আল্লাহর কাছে তাওফীক প্রার্থনা
করো তাহলে আল্লাহ তোমাকে ইলমের নূর দান করবেন এবং তোমার দুনিয়া ও
আর্থেরাতের যিন্দেগী কামিয়াব হবে ইনশাআল্লাহ।

এসো এবার বিসমিল্লাহ বলে পড়া শুরু করি। আল্লাহ আয়াদের সকলকে
পূর্ণ তাওফীক দান করুন। আমীন।

ଶୁଦ୍ଧତୃପୂର୍ଣ୍ଣ ଯେ ସକଳ କିତାବ ଥେକେ
ମାହାୟ ନେଇଁ ହୋଇଛେ

- (୧) كتاب الصرف
- (୨) علم الصرف
- (୩) تمارين الصرف
- (୪) علم التصريف
- (୫) علم الصيغة
- (୬) فصول أكابرى
- (୭) ميزان الصرف
- (୮) المفصل في علم الصرف
- (୯) موسوعة النحو و الصرف
- (୧୦) دراسات في علم الصرف
- (୧୧) شيئاً العرف في فن الصرف
- (୧୨) الشافية لابن الحاجب

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ

তালিবে ইলমের প্রতি সন্তুষ্ট হয়ে ফিরেশতাগণ তাদের ডানা
বিছিয়ে দেন, আর সমস্ত মাখলূক, এমনকি সমুদ্রের তলদেশে
মাছেরাও তার জন্য মাগফেরাতের দু'আ করতে থাকে।

আর সমস্ত তারকার উপর পূর্ণিমার চাঁদের যে শ্রেষ্ঠত্ব
একজন সাধারণ ইবাদত- কারীর উপর আলিমের সেই পরিমাণ
শ্রেষ্ঠত্ব।

- আল-হাদীছ

الْفَوْزُ لِلّٰهِ
الْفَوْزُ لِلّٰهِ

(প্রথম পর্ব)



بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

(ছারফ শাস্ত্রের পরিচয়) حُدُّ عِلْمِ الْصِّرَافِ

একটি মাছদার একথা তুমি জানো এবং এই মাছদার থেকে বিভিন্ন শব্দ তুমি তৈরী করতে পারো, যেমন- نَصْرٌ، يَنْصُرُ، أَنْصُرُ، نَاصِرٌ، مَنْصُورٌ، مَنْصُورٌ । এভাবে যে কোন মাছদার থেকে বিভিন্ন মাপের বহু শব্দ তুমি তৈরী করতে পারো, কিন্তু তোমার ছোট ভাইটি তা পারে না ।

বলো দেখি, তুমি পারো কিন্তু সে কেন পারে না ?

কারণ মাছদার থেকে বিভিন্ন শব্দ তৈরী করার নিয়ম কানুন তুমি জানো, কিন্তু তোমার ছোট ভাইটি জানে না ।

মাছদার থেকে বিভিন্ন শব্দ তৈরী করার নিয়ম কানুন জানাকে علم الصرف বলে ।

আবার দেখো، قَوْلٌ، يَقُولُ، قَالَ، يَقُولُ، قُلْ - أَقْرُنْ

বলো দেখি, কিভাবে শব্দ গুলোর এই রূপান্তর হলো ? এক রূপ থেকে অন্য রূপ হলো ? হয়ত এ প্রশ্নের উত্তর তুমি দিতে পারবে না । কেননা শব্দের রূপান্তরের নিয়ম কানুন তোমার জানা নেই ।

শব্দের রূপান্তরের নিয়ম কানুন জানাকে علم الصرف বলে ।

মোটকথা, ধারা দু'টি বিষয় জানা যায় ; শব্দের গঠন ও শব্দের রূপান্তর । তাহলে আমরা বলতে পারি-

যে নিয়ম কানুন দ্বারা শব্দের গঠন ও রূপান্তর জানা যায় সেই নিয়ম কানুনকে علم الصرف বলে ।

(ছারফ-এর আলোচ্যবিষয়) مَوْضِعُ عِلْمِ الْصِّرَافِ

উপরের আলোচনা থেকে আশা করি তুমি বুঝতে পেরেছো যে, যে সকল
বিভিন্ন পরিবর্তন গ্রহণ করে সেগুলোই হলো এর উল্লেখ এর
আলোচ্যবিষয়। মেমন-

نصر النصر একটি পরিবর্তনযোগ্য তাতে পরিবর্তন ঘটিয়ে
ফেয়েলটি তৈরী করা হয়। তদ্বপ একটি পরিবর্তনযোগ্য তাতে
পরিবর্তন ঘটিয়ে ফেয়েলটি তৈরী করা হয়। তদ্বপ ও নاصر বিন চু'টি
পরিবর্তনযোগ্য তাতে পরিবর্তন ঘটিয়ে অস্ম মান্দু'টি এর
অন্যান্য এস্ম মান্দু'টি তৈরী করা হয়। সুতরাং এ শব্দগুলো এর
আলোচ্যবিষয়।

পক্ষান্তরে ইত্যাদি শব্দগুলো পরিবর্তন গ্রহণ করে না সুতরাং
এই উল্লেখ এর উল্লেখ এর আলোচ্যবিষয় নয়।

মোটকথা, পরিবর্তনযোগ্য মান্দু'টি এস্ম মান্দু'টি এর
আলোচ্যবিষয়।

غرض علم الصرف (ছারফ-এর উদ্দেশ্য)

উপরের আলোচনা থেকে আশা করি একথাও তুমি বুঝতে পেরেছো যে,
শব্দের গঠন ও রূপান্তরের ভুল-ভাস্তি থেকে রক্ষা করাই এর
উদ্দেশ্য।

মূলকথা

- ১। শব্দের গঠন ও রূপান্তরের নিয়ম কানুন জানাকে
বলে।
- ২। পরিবর্তন গ্রহণকারী ধারাতীয় হলো এর
আলোচ্যবিষয়।
- ৩। শব্দের গঠন ও রূপান্তরের ভুল-ভাস্তি থেকে রক্ষা করা
উল্লেখ এর উদ্দেশ্য।

প্রশ্নমালা

১। এর পরিচয় বলো ।

২। যে নিয়ম কানুন দ্বারা শব্দের গঠন ও রূপান্তর জানা যায় সে নিয়ম কানুনকে কি বলে ?

৩। দ্বারা ক'টি বিষয় জানা যায় ?

৪। দ্বারা শব্দের গঠন জানা যায় , আর কি জানা যায় ?

৫। দ্বারা শব্দের রূপান্তর জানা যায় , আর কি জানা যায় ?

৬। শব্দ গঠনের এবং শব্দের রূপান্তরের একটি করে উদাহরণ দাও ।

৭। এর উদ্দেশ্য কি ?

৮। কেন আমরা শিখবো ?

৯। না জানলে আমাদের কী অসুবিধা হবে ?

১০। জানলে আমাদের কী সুবিধা হবে ?

১১। শব্দের গঠন ও রূপান্তরের ভূল-ভ্রান্তি হতে বাঁচার উপায় কি ?

১২। কোন কোন ক্ষেত্রে আমাদেরকে ভূল-ভ্রান্তি হতে রক্ষা করে ?

১৩। দ্বারা কি আমরা বাক্য গঠন করতে পারবো ?

১৪। দ্বারা কি আমরা শব্দ গঠন করতে পারবো ?

১৫। দ্বারা কি আমরা শব্দের রূপান্তর বুঝতে পারবো ?

১৬। এর আলোচ্যবিষয় কি ?

১৭। কোন ধরনের শব্দ এর আলোচ্যবিষয় ?

১৮। পরিবর্তনযোগ্য ফুল কি বুঝো ?

১৯। اسم و فعل اي الكتابة، كتب ، يكتب ، أكتب ، كاتب ، مكتوب ।
গুলো পরিবর্তনযোগ্য এটা প্রমাণ করো ।

২০। ফেয়েল দু'টি এর শব্দ লিঙ্গ ও উৎস কেন ?

২১। এই ইসমগুলো এড় , حَيْثُ । এই ইসম এর আলোচ্যবিষয় নয় কেন ?

২২। এর শব্দ ফেয়েল দু'টি এই ইসম ও কৃত্তি কৃত্তা এর
আলোচ্যবিষয় কেন ?

فوائد ضرورية

কয়েকটি জরুরী বিষয়

এর মূল আলোচনা শুরু করার আগে কয়েকটি জরুরী বিষয় জেনে রাখা ভালো, তাহলে এর মূল আলোচনা বোৰা তোমার জন্য সহজ হবে। বিষয়গুলো এই-

☆ পেশকে বলে, যবরকে ফَتَحَهُ বলে এবং যেরকে كَسْرَهُ বলে।

☆ যাম্মা, ফাতহা ও কাসরাকে হَرَكَة বলে। আর হারকাত না হওয়াকে س্কুন বলে।

☆ এক রকমের দু'টি হরফ একত্র করে পড়লে তাশদীদ বলে। যেমন মূলতঃ ছিলো ڈ ব ব কে একত্র করে পড় পড় পড়া হয়। এটাকে তাশদীদ বলে।

☆ নূন সাকিনকে তানবীন বলে। তবে এটাকে দুই যবর, দুই যের ও দুই পেশ আকারে লেখা হয়। যেমন কِتابْنْ, كِتابْنْ, كِتابْنْ, كِتابْنْ - এগুলোকে এভাবে লেখা হয় - كِتابْ, كِتابْ, كِتابْ -

☆ যাম্মাযুক্ত হরফকে এবং ফাতহাযুক্ত হরফকে এবং কাসরাযুক্ত হরফকে مَفْتُوحَةَ مَضْمُونٍ বলে।

☆ হারকাতওয়ালা হরফকে مُتَحَرِّكَ بলে। সুকুনওয়ালা হরফকে বলে এবং তাশদীদযুক্ত হরফকে مُشَدَّدَ بলে।

☆ এই তিনটি হরফকে أَخْرُفُ عِلْمٍ বলে। প্রতিটিকে অর্থে বলে।

অনুশীলনী

১. إِنَّ اللَّهَ عَلَى كُلِّ شَيْءٍ قَدِيرٌ। এখানে হারকাত ও সুকুন চিহ্নিত করো।

অতঃপর তাশদীদ ও তানবীন চিহ্নিত করো।

২. إِنَّ رَبِّكَ سَمِيعٌ بَصِيرٌ। এখানে সাকন ও মু্তَحَرِّك হরফগুলো চিহ্নিত

করো । অতঃপর مَكْسُور وَ مَفْتُوح হরফগুলো চিহ্নিত করো ।
অতঃপর مُشَدّد হরফগুলো চিহ্নিত করো ।

৩ । নীচের বাক্যগুলোতে হরফে ইস্ত্রিতসমূহ চিহ্নিত করো ।

لَهُمْ جَنَتٌ تَجْزِي مِنْ تَحْتِهَا الْأَنْهَارُ - وَ اللَّهُ يَدْعُوكُمْ إِلَى أَنْجَلِيَّةِ -
وَ قَالَ رَبُّكُمْ أَدْعُونِي أَسْتَجِبْ لَكُمْ

প্রশ্নমালা

- ১ । হারকাত কাকে বলে ?
- ২ । যাম্মা , ফাতহা ও কাসরাকে কি বলে ?
- ৩ । হারকাতযুক্ত হরফকে কি বলে ?
- ৪ । مُتَحْرِك কাকে বলে ?
- ৫ । ساكن কাকে বলে এবং স্কুন কাকে বলে ?
- ৬ । হারকাতযুক্ত হরফকে কি বলে এবং হারকাতযুক্ত হরফকে কি বলে ?
- ৭ । তানবীন কাকে বলে এবং তা কি ভাবে লেখা হয় উদাহরণ দ্বারা দেখাও ।
- ৮ । حرف علة কয়টি ও কি কি ?
- ৯ । مায়মুম , مাফতূহ ও مাকসুর কাকে বলে ?
- ১০ । تাশদীদ কাকে বলে উদাহরণসহ বুঝিয়ে বলো ।
- ১১ । مُشَدّد মূলত কয়টি হরফ ? কে প্রথক করে দেখাও ।
- ১২ । تানবীনকে মূল অবস্থায় লিখে দেখাও , অতঃপর হারকাতের সংগে লিখে দেখাও ।

أقسام الكلمة

كاليمات و تواريظها

راشد ذهب راشد إلى إحدى تحرير نجاحه أرض رام الله . آراء شهد دعوة نجاح نجاح أرض تحريرها كفالة شهادتها . أرض نجاح أرض تحريرها جنوب أنجور شهادتها سعادتها إعلانها .

تبصر شهادتها كالملاكم ، كثانية شهادتها كون الملاكم نجاح . شهادتها كفعل فعل راشد شهادتها كاسم اسم بله .

ـ . إبرار شهادتها ، تواريظها أرض رام الله ، كثانية سعادتها أنجور شهادتها يوجنا كروا برجستها تواريظها سباق بلوحة آسماها . المدرسة إلى المدرسة شهادتها تحريرها كفالة شهادتها شهادتها . آن شهادتها عبورها نجاحها .

معلمات

حرف (ك) (ف) (م) (ح) (غ) فعل حرف

ـ . يه كاليمات نجاحها أرض تحريرها شهادتها . إبرار شهادتها كون الملاكم نجاحها .

ـ . يه كاليمات نجاحها أرض تحريرها شهادتها . إبرار شهادتها كون الملاكم نجاحها .

ـ . يه كاليمات نجاحها أرض تحريرها شهادتها . إبرار شهادتها كون الملاكم نجاحها .

أنواع المعلمات

١ . ملخصات كون الملاكم فلولها و هرفة بله .

٢ . إِنَّ اللَّهَ لَا يَظْلِمُ مِثْقَالَ ذَرَّةٍ .

প্রশ্নমালা

- ১। ইসম কাকে বলে ?
- ২। ফেয়েল কাকে বলে ?
- ৩। হরফ কাকে বলে ?
- ৪। ইসম কি নিজের অর্থ প্রকাশে স্বনির্ভর ?
- ৫। ফেয়েল কি নিজের অর্থ প্রকাশের ফলে স্বনির্ভর ?
- ৬। ইসম ও ফেয়েলের মাঝে মিল কোথায় ?
- ৭। ইসম ও ফেয়েলের মাঝে কোনটি কালপ্রকাশক ?
- ৮। ইসম ও ফেয়েলের মাঝে অমিল কোথায় ?
- ৯। হরফ কি স্বনির্ভর রূপে নিজের অর্থ প্রকাশ করে ?
- ১০। কালিমাটি ফেয়েল নয় কেন ?
- ১১। ذهَبٌ ، يَذْهَبٌ ، شَدَّدَلُوٌ فেয়েল তা প্রমাণ করো ।

أقسام الفعل

ফেয়েলের তিন প্রকার

কালিমাহর একটি প্রকার হলো ফেয়েল একথা আগের পাঠে তুমি জেনেছে। সেই সংগে ফেয়েলের পরিচয়ও তোমার জানা হয়েছে। আচ্ছা বলো দেখি এর মাঝে পার্থক্য কি? হাঁ, ইসম তার নিজস্ব অর্থের সংগে কোন কাল প্রকাশ করে না কিন্তু ফেয়েল তার নিজস্ব অর্থের সংগে তিন কালের কোন একটি কাল প্রকাশ করে।

এই কাল হিসাবে **مُضارِع**، **أَمْرٌ فعل** তিন প্রকার মাপ্য হিসাবে

উদাহরণ দেখো—

فَرَأَ رَاشِدٌ (রাশেদ পড়েছে) এখানে فَرَأً ফেয়েলটি কি বুঝিয়েছে?

একথা বুঝিয়েছে যে, قِرَاءَةٌ মাছদার বা কর্মটি অতীত কালে ঘটেছে।

যে একথা বোঝায় যে, মাছদার বা কর্মটি অতীত কালে ঘটেছে তাকে **فعل ماضي** বলে।

কয়েকটি উদাহরণ—

كَتَبَ ، شَرَبَ ، أَكَلَ ، صَلَّى ، عَلَمَ ، تَعْلَمَ ، صَامَ ، يَنَمُ ، جَاهَدَ ، سَافَرَ (মাহমুদ পড়বে বা পড়েছে) এখানে يَقْرَأُ مَحْمُودٌ ফেয়েলটি কি বুঝিয়েছে?

একথা বুঝিয়েছে যে, قِرَاءَةٌ মাছদার বা কর্মটি বর্তমান কালে ঘটছে বা ভবিষ্যত কালে ঘটবে।

যে ফেয়েল একথা বোঝায় যে, মাছদার বা কর্মটি বর্তমান কালে কিংবা ভবিষ্যত কালে ঘটবে তাকে **فعل مضارع** বলে।

কয়েকটি উদাহরণ—

يَكْتُبُ، يَشْرَبُ، يَأْكُلُ، يَصْلِي، يَعْلَمُ، يَتَعْلَمُ، يَصْنُمُ، يَنَمُ، يَجَاهِدُ، يَسَافِرُ

فَيَقُولُونَ لِلَّهِ مَا لَا يَعْلَمُ (قرآن)

پড়ো তোমার প্রতিপালকের নামে) এখানে ফেয়েলটি কি
অর্থ বোঝায় ?

এর কাছে মাছদার বা কর্মটি সম্পন্ন করার দাবী বোঝায় ।
অর্থাৎ হে তুমি মাছদার বা কর্মটি ভবিষ্যত কালে সম্পন্ন করো ।

যে ফেয়েল এর কাছে ভবিষ্যতকালে মাছদার বা কর্মটি সম্পন্ন
করার দাবী জানায় তাকে নিয়ে কর্ম করলে ।

কয়েকটি উদাহরণ-

أَكْتُبْ ، إِشْرَبْ ، كُلْ ، صَلَّى ، عَلَمْ ، تَعْلَمْ ، صَنَعْ ، نَمْ ، جَاهِدْ ، سَافِرْ

উপরের আলোচনা থেকে তুমি নিশ্চয় বুঝতে পেরেছো যে , এর মূল
অর্থ হলো কোন কালে কোন মাছদার বা কর্মের সংঘটন । অতঃপর ফেয়েল
তার কাঠামোগত কারণে এই অর্থের পাশাপাশি তিন কালের কোন একটি কাল
প্রকাশ করে ।

শুধু অতীত কাল প্রকাশ করে । فَيَقُولُونَ لِلَّهِ مَا لَا يَعْلَمُ (قرآن)
ভবিষ্যত কাল প্রকাশ করে, আর শুধু ভবিষ্যত কাল প্রকাশ করে ।

মূলকথা

১ । কাল হিসাবে তিন প্রকার ফعل ماضي ، ماضع ، أمر

২ । যে ফেয়েল একথা বোঝায় যে, মাছদারটি অতীত কালে ঘটেছে
তাকে ফعل ماضي বলে ।

৩ । যে ফেয়েল একথা বোঝায় যে, মাছদারটি বর্তমান কালে ঘটেছে
কিংবা ভবিষ্যত কালে ঘটবে তাকে ফعل ماضع বলে ।

৪ । যে ফেয়েল ভবিষ্যত কালে মাছদারটি সম্পন্ন করার আদেশ
বোঝায় তাকে ফعل الأمر বলে ।

১ । ইঁবাচক ফেয়েলকে ফِعْلِ مُبْتَدَأ বলে । যেমন

يَقْرَأُ - قرآن - قرآن ফِعْلِ مُبْتَدَأ বলে । যেমন

سَاقْرَأُ ، لا يَقْرَأُ - ساقرآن - لا يقرآن ফِعْلِ مُبْتَدَأ বলে । যেমন

অনুশীলনী

১। নীচের বাক্য গুলোতে চিহ্নিত করো ।

فَمَا رَبَعْتُ تِجَارَتَهُمْ - لَا تَقْنَطُوا مِنْ رَحْمَةِ اللَّهِ - إِنَّ اللَّهَ يَعْلَمُ الْأَذْنُوبَ
جَيْعَانًا - لَا يَعْتَذِرُونَ إِلَيْكُمْ إِذَا رَجَعْتُمْ إِلَيْهِمْ ، قُلْ لَا تَعْتَذِرُوا قَدْ نَبَأَ اللَّهُ مِنْ
أَخْبَارِكُمْ

২। কোরআন শরীফের যে কোন স্থান থেকে পাঁচটি পাঁচটি মضارع পাঁচটি এবং পাঁচটি অর্থে আমরা বের করো ।

৩। তিনটি বাক্য বলো যাতে তিন প্রকার ফেয়েলের ব্যবহার এসে যায় ।

প্রশ্নমালা

১। ফেয়েলের উপরোক্ত তিন ভাগ কোন হিসাবে করা হয়েছে ?

২। কাল হিসাবে ফেয়েল কত প্রকার ও কি কি ?

৩। ফعل আমর কাকে বলে ?

৪। দ্বারা কাকে কি আদেশ করা হয় ?

৫। যে ফেয়েল দ্বারা কে মাছদারটি ভবিষ্যতে সম্পন্ন করার আদেশ করা হয় তাকে কি বলে ?

টীকা (পূর্ব পৃষ্ঠার পর)

যে ফেয়েলের উল্লেখিত থাকে তাকে ফাইল করে বলে । যেমন-
যে ফেয়েলের উল্লেখিত থাকে তাকে ফাইল করে বলে । যেমন-
যে ফেয়েলের উল্লেখিত থাকে তাকে ফাইল করে বলে । যেমন-
যে ফেয়েলের উল্লেখিত থাকে তাকে ফাইল করে বলে । যেমন-
যে ফেয়েলের উল্লেখিত থাকে তাকে ফাইল করে বলে । যেমন-

যে ফেয়েলের ফাইল অনুল্লেখিত থাকে তাকে ফাইল করে বলে । যেমন-
যে ফেয়েলের ফাইল অনুল্লেখিত থাকে তাকে ফাইল করে বলে । যেমন-
যে ফেয়েলের ফাইল অনুল্লেখিত থাকে তাকে ফাইল করে বলে । যেমন-
যে ফেয়েলের ফাইল অনুল্লেখিত থাকে তাকে ফাইল করে বলে । যেমন-

٦। فَعْلُ الْأَمْرِ إِذَا كُوَنَّ كَالَّا مَوْجُونَ؟

٧। مَا حَدَّدَ أَرْتِيَةً كَالَّا مَوْجُونَ هَوَى هَذِهِهِ؟

٨. فَعْلُ مَاضِيِّ كَاكِهِ بَلَوْنِ؟

٩. فَعْلُ مُضَارِعِيَّةِ بَلَوْنِ؟

١٠. فَعْلُ مُضَارِعِيَّةِ كَوْنِ كَالَّا مَوْجُونَ هَوَى بَوْجَاهُ؟

١١. كَوْنٌ فَهَيْلَهُ كَوْنٌ كَالَّا مُكَافَأَهُ كَرَوْنِ؟

الحروف الأصلية

مُلْ حَرْفٌ

كَالِيمَا دُوْتِي دَهْرُهُ وَ قَلْمُ وَ كَتْبَهُ دَهْرُهُ ; عَوْنَى كَالِيمَا تِينَتِي كَرَوْنِ هَرَفُ دَهْرًا تَهْرَوْنِي . إِنْ تِينَتِي هَرَفُهُرُ اِكْتِي هَرَفُهُ وَ يَدِي بَادِ دَادِ تَاهُلِهِ شَبَدَتِي نَسْتِ هَيْلَهُ يَاهِي . اِرْتِيَهُ شَبَدَتِي مُلْ كَاثَامُو بَهْنِغِهِ غِيَاهِي تَاهِي اِرْتِيَهُ هَيْلَهُ بَهْنِغِهِ . كَهْنَاهِي إِنْ تِينَتِي هَرَفُهُرُ اِكْتِي هَرَفُهُ شَبَدَهُرُ مُلْ كَاثَامُو اِتْتُرْكُتِي . آرَبَيِي تَاهِيَهُ اِتْتُرْكُتِي شَبَدَهُرُ مُلْ هَرَفُهُ تِينَتِي .

كَهْنَاهِي جَنْفَرُ شَبَدَ دُوْتِي دَهْرُهُ ; عَوْنَى شَبَدَ تَاهِيَهُ تِينَتِي كَرَوْنِ هَرَفُهُ دَهْرًا جَثْتِي . إِنْ تَاهِيَهُ تِينَتِي كَوْنِ اِكْتِي هَرَفُهُ وَ يَدِي بَادِ دَادِ تَاهُلِهِ شَبَدَتِي نَسْتِ هَيْلَهُ يَاهِي . اِرْتِيَهُ شَبَدَتِي مُلْ كَاثَامُو بَهْنِغِهِ غِيَاهِي تَاهِي اِرْتِيَهُ هَيْلَهُ بَهْنِغِهِ . كَهْنَاهِي إِنْ تَاهِيَهُ تِينَتِي كَرَوْنِ اِكْتِي هَرَفُهُ شَبَدَهُرُ مُلْ كَاثَامُو اِتْتُرْكُتِي . آرَبَيِي تَاهِيَهُ اِتْتُرْكُتِي شَبَدَهُرُ مُلْ هَرَفُهُ تِينَتِي .

إِسْمَاتِي پَأْصِتِي هَرَفُهُرُ اِتْتُرْكُتِي إِنْ پَأْصِتِي هَرَفُهُرُ اِتْتُرْكُتِي هَرَفُهُ وَ يَدِي بَادِ دَادِ تَاهُلِهِ شَبَدَتِي مُلْ كَاثَامُو بَهْنِغِهِ غِيَاهِي يَاهِي . إِنْ تَاهِيَهُ تِينَتِي كَوْنِ اِكْتِي هَرَفُهُ شَبَدَهُرُ مُلْ كَاثَامُو اِتْتُرْكُتِي . آرَبَيِي تَاهِيَهُ اِتْتُرْكُتِي شَبَدَهُرُ مُلْ هَرَفُهُ پَأْصِتِي ، كِتْمُ مُلْ پَأْصِتِي هَرَفُهُرُ اِتْتُرْكُتِي كَوْنِ فَهَيْلَهُ نَهِيَ .

উপরের আলোচনার খোলাসা হলো—

مُلْكَةِ

- ١ . شدّهُ الرَّفِيْقُ الْأَصْلِيُّ وَبَلَهُ .
- ٢ . أَرَبَّيْنَ الْأَسْمَاءِ الْمُبَارَكَةِ وَبَلَهُ .
- ٣ . كِبُّوْسَيْنَ الْأَسْمَاءِ الْمُبَارَكَةِ وَبَلَهُ .
- ٤ . أَتِيَ الْأَسْمَاءِ الْمُبَارَكَةِ وَبَلَهُ .

الْحَرُوفُ الزَّائِدَةُ

أَتِيَ الْأَسْمَاءِ الْمُبَارَكَةِ

إِنْتَعَلَمْ - عَلَمْ - تَعَلَّمْ - إِنْتَعَلَمْ .

এই তিনটি ফেয়েল দেখো; প্রথম ফেয়েলের হরফ-সংখ্যা চারটি, দ্বিতীয় ফেয়েলের হরফ-সংখ্যা পাঁচটি এবং তৃতীয় ফেয়েলের হরফ-সংখ্যা ছয়টি। কিন্তু ফেয়েল গুলোর মূল হরফ তিনটি। অর্থাৎ M - J - U কেননা এই তিনটি হরফের কোন একটি হরফ যদি তুমি বাদ দাও তাহলে শব্দটির মূল কাঠামো ভেঙ্গে যাবে এবং শব্দটি অথবাই হয়ে পড়বে।

অর্থ প্রথম ফেয়েলের একটি J এবং দ্বিতীয় ফেয়েলের একটি T ও একটি J এবং তৃতীয় ফেয়েলের স্ট এস ট। এই হরফগুলো বাদ দিলে তাতে ফেয়েলের মূল কাঠামো ভেঙ্গে পড়ে না, বরং তিন হরফ দ্বারাই ফেয়েলের মূল অস্তিত্ব বজায় থাকে।

তাহলে বোঝা গেলো; এই ফেয়েলগুলোর মূল হরফ তিনটি, তবে প্রতিটি ফেয়েলের সাথে এক বা একাধিক অতিরিক্ত হরফ রয়েছে।

এবার **إِفْرَنْجَ وَ تَدْخَرَجَ** ফেয়েল দু'টি লক্ষ করো; প্রথম ফেয়েলের হরফ-সংখ্যা পাঁচটি এবং দ্বিতীয় ফেয়েলের হরফ-সংখ্যা ছয়টি, কিন্তু উভয় ফেয়েলের মূল হরফ চারটি। অর্থাৎ (F - R - Q - U) ও (ح - ح - د) কেননা এই চার হরফের কোন একটি হরফ বাদ দিলে ফেয়েলের মূল

কাঠামো ভেংগে যায় এবং তা অর্থহীন হয়ে পড়ে ।

অথচ প্রথম ফেয়েলের (ت) এবং দ্বিতীয় ফেয়েলের (ن) বাদ দিলেও ফেয়েলের মূল কাঠামো ভেংগে যায় না বরং চার হরফ দ্বারাই ফেয়েলের মূল অস্তিত্ব বজায় থাকে ।

তাহলে বোৰা গেলো , উপরোক্ত ফেয়েলদুটির মূল হরফ চারটি, তবে সাথে অতিরিক্ত হরফ রয়েছে । শুধু মূল হরফ দ্বারা গঠিত শব্দগুলোকে **مُجَرَّد** বলে । আর মূল হরফের সাথে অতিরিক্ত হরফ যুক্ত হলে তাকে **مَزِيدٍ فِيهِ** বলে ।

মূলকথা

১ । শব্দের মূল হরফগুলোকে **الْحَرْفُ الْأَصْلِيُّ** বলে । একটিকে **الْحَرْفُ الزَّائِدُ** বলে এবং মূলের অতিরিক্ত হরফগুলোকে **الْحَرْفُ الْأَصْلِيُّ** বলে ।

২ । শব্দের মূল হরফ তিনটি হলে **ثُلَاثِي** (বা ত্রিমূল) চারটি হলে **رُبَاعِي** (বা চতুর্মূল) এবং পাঁচটি হলে **خُمَاسِي** (বা পঞ্চমূল) বলে । তবে ফেয়েল শুধু **ثُلَاثِي** ও **رُبَاعِي** হয় না **خُمَاسِي**, **رُبَاعِي** হয় না ।

৩ । শুধু মূল হরফ দ্বারা গঠিত শব্দকে **مُجَرَّد** (মুক্তমূল) বলে ।
মুজাররাদ দুই প্রকার-

ثُلَاثِي مُجَرَّد (মুক্ত ত্রিমূল) - **رُبَاعِي مُجَرَّد** (মুক্ত ত্রিমূল)

৪ । মূল হরফের সংগে অতিরিক্ত হরফ যোগ করে গঠিত শব্দকে **مَزِيدٍ فِيهِ** (যুক্ত মূল) বলে । মায়ীদ ফীহ দুই প্রকার-

ثُلَاثِي مَزِيدٍ (যুক্ত ত্রিমূল) - **رُبَاعِي مَزِيدٍ** (যুক্ত ত্রিমূল)

অনুশীলনী

১ । নীচের বাক্যগুলোতে কোন ফেয়েলের মূল হরফ কয়তি ও কি কি বলো এবং ছুলাছী ও রুবাও গুলো পৃথক করো ।

آلنَّحْضَهَصُ لِيَ الْحَقُّ - دَخْرَجَ الْلَّاعِبُ الْكَرَهَهُ إِلَى الْأَمَامِ - تَدَخَّرَجَتِ الْكَرَهَهُ إِلَى الْأَمَامِ - يَعْتَذِرُونَ إِلَيْكُمْ إِذَا رَجَعْتُمْ إِلَيْهِمْ - إِنْخَفَفُوا رَبِّكُمْ
إِنَّهُ كَانَ غَفَارًا

২। নীচের ফেয়েল ও ইসমগুলো পৃথক করো ।

وَ مَا اللَّهُ بِظَلَامٍ لِلْعَبَادِ - بَعْثَتْ لِأَتْسَمَ مَكَارِمَ الْأَخْلَاقِ - إِنَّ الْمُبَدِّرِينَ كَانُوا إِخْرَانَ الشَّيْطِينِ - لَا تَبْغِثُ أَثَاثَ الْبَيْتِ هُنَا وَ هُنَاكَ -

৩। নীচের মুজাররাদগুলোকে এ রূপান্তরিত করো ।

يَعْمَلُ - مَا خَرَجُوا - جَلَسْتُمْ - قَامَ - لَيْسَتْ - صَدَقْتَ - قَتْلُوا -

৪। নীচের ফেয়েলগুলোকে এ রূপান্তরিত করো ।

تَعْلَمُوا - أَدْخَلَ - تَبْغِثُ - يَقْتَرِبُونَ - سَلَمْتُ -

প্রশ্নমালা

১। কোন কালিমাকে রিয়াই বলে?

২। কালিমার মূল হরফ কয়টি হলে তাকে রিয়াই বলে?

৩। কালিমার মূল হরফ তিনটি হলে তাকে কি বলে এবং চারটি হলে তাকে কি বলে?

৪। এর খাসি এবং রিয়াই কি?

৫। ফেয়েল ও ইসম উভয়টি কি হতে পারে?

৬। ফেয়েল ও ইসম উভয়টি কি হতে পারে?

৭। কাকে বলে?

৮। যে সকল হরফ কালিমার মূল কাঠামোর অন্তর্ভুক্ত সেই হরফগুলোকে কি বলে?

১০। যে সকল হরফ শব্দের মূল কাঠামোর অন্তর্ভুক্ত নয় সেই হরফগুলোকে কি বলে?

১১। গ্রন্থের রিয়াই কাকে বলে?

- ١١ | کالیماار مूل هرفن و اتیرنک هرفن گولو بواهار عپاچ کی ?
- ١٢ | فئیلٹی خکے (ت - س - ت) ائی تینٹی هرفن واد دیلے کی شدےर مूل کاٹامو اکھن خاکے ?
- ١٣ | فئیلٹی خکے (م - ع - م) ائی تینٹی هرفنر کون اکٹی واد دیلے کی شدےر مूل کاٹامو اکھن خاکے ?
- ١٤ | عپررر فئیلٹیتے (ت - س - ت) ائی هرفن گولو الحروف اصلیہ لا حرف الزائد تا کیتاوے بواچلے ؟
- ١٥ | عپررر فئیلٹیتے (ط - ع - م) ائی هرفن گولو الحروف اصلیہ لا حرف تا کیتاوے بواچلے ؟
- ١٦ | عپررر فئیلٹیتے (م - ع - ط) ائی هرفن گولو مूل ابؑ ! ائی هرفن گولو اتیرنک تا پرمان کرو ।
- ١٧ | مزید و مجرد کاکے بولے ؟
- ١٨ | سدھ مूل هرفن دارا گثیت شدکے کی بولے ؟
- ١٩ | مूل هرفنر سانگے اتیرنک هرفن یوگ کرے گثیت شدکے کی بولے ؟
- ٢٠ | کون شدے مूل هرفنر سر्वोک و سر्वनیم سانخیا ک'ٹی ؟
- ٢١ | اسمرر مूل هرفنر سر्वوک و سر्वنیم سانخیا ک'ٹی ؟
- ٢٢ | فئیلےر مूل هرفنر سر्वوک و سر्वنیم سانخیا ک'ٹی ؟
- ٢٣ | شدےر اتیرنک هرفنر سر्वوک و سر्वنیم سانخیا ک'ٹی ؟
- ٢٤ | شدےر ای بیڈاچن کون ہیساوے ؟ ریاعی و ثلاثی
- ٢٥ | مूل هرفنر سانخیا دیک خکے فئیل کت اپکار ؟
- ٢٦ | فئیلےر ائی بیڈاچن کون ہیساوے ؟ مزید و مجرد
- ٢٧ | مूل هرفنر سانگے اتیرنک هرفن خاکا نا خاکار دیک خکے فئیل کت اپکار ؟
- ٢٨ | کت اپکار مزید و مجرد ؟

الميزان الصُّرْفِيُّ

শব্দ-পরিমাপক

ছারফ শাস্ত্রের পরিভাষায় মূল শব্দটি খুবই পরিচিত শব্দ। এবার তোমাকে আমরা মূল এর পরিচয় বলছি।

শব্দের মূল হরফ ও অতিরিক্ত হরফের কথা তুমি পড়েছো এবং শব্দের মূল হরফ ও অতিরিক্ত হরফ বোঝায় একটা উপায় তুমি জেনেছো, অর্থাৎ যে হরফ বাদ দিলে শব্দের মূল কাঠামো ভেঙ্গে গিয়ে শব্দটি অর্থহীন হয়ে পড়ে সেই হরফটি হলো মূল হরফ। আর যে হরফটি বাদ দিলে শব্দটির মূল কাঠামো ভেঙ্গে পড়ে না বরং শব্দটির মূল অস্তিত্ব বজায় থাকে এই হরফটি হলো অতিরিক্ত হরফ। কিন্তু এভাবে শব্দের মূল হরফ ও অতিরিক্ত হরফ চিহ্নিত করা বেশ কঠিন।

ছারফশাস্ত্রের বিশারদগণ শব্দের মূল হরফ অতিরিক্ত হরফ বোঝার একটা সহজ উপায় বের করেছেন। অর্থাৎ (J - ع) এই তিনটি হরফ দ্বারা কিংবা সাথে আরো কিছু হরফ যোগ করে তারা কতগুলো মাপ তৈরী করেছেন। যেমন فَعَلَ - إِنْفَعَلَ - فَاعِلُ - مَفْعُولُ - تَفَاعَلَ - فَعَوْلُ ইত্যাদি।

(ف - ع - J) এগুলোকে এর মূল হরফ হলো। আর (বা শব্দ-মাপ) মূল এর মূল হরফ হলো। যেমন (ف - ع - J) তবে কোন কোন মীমাননে (ف - ع) ছাড়া আরো কিছু হরফ যুক্ত হয়। যেমন - إِنْفَعَلَ

এখন তুমি যে কোন একটি শব্দ নাও এবং খুঁজে দেখো, কোন এর সংগে শব্দটি খাপ খায়। যার সাথে শব্দটি খাপ খাবে সেটাই হলো শব্দটির মূল আর শব্দটিকে বলা হয় (বা পরিমাপিত) - موزون

যেমন شَبَدَتِي এর সাথে খাপ খায়, سُوتِرَانِ نَصَرٍ এর সাথে খাপ খায়, مُوزَونِ نَصَرٍ আর মূল মূল মূল মূল মূল মূল

নَاصِرٌ এর সাথে খাপ খায়, سُوتِرَانِ نَاصِرٍ এর সাথে খাপ খায়, شَبَدَتِي নَاصِرٌ এর সাথে খাপ খায়, مُوزَونِ نَاصِرٍ আর মূল মূল মূল মূল মূল মূল

استَفْعَلَ تَدْرِبَ مُؤَذِّنَةً وَمَسْأَلَهُ اسْتَخْرَجَ هَلْوَةً مَوْزُونَ اسْتَنْصَرَ مِيزَانَ هَلْوَةً اسْتَنْصَرَ

آشَاءَ كَرِيْبَيْنَ مَوْزُونَ وَمِيزَانَ هُبُوكَاتَهُ طَوَّافَتَهُ مَيْزَانَ دَقْيَنَهُ اسْتَنْصَرَ مُجَاهِدَ مُفَاعِلَ اغْتَسَلَ مَوْزُونَ اسْتَنْصَرَ

آرَاءَ رَوَى مَوْزُونَ اسْتَنْصَرَ جَرْنَرَيْنَ مَيْزَانَ يَقْنَطَهُ اسْتَنْصَرَ (ف - ع - ل) مَيْزَانَ بَرَّا مَوْزُونَ اسْتَنْصَرَ (ف - ع - ل) اسْتَنْصَرَ

نَصْرَ فَعْلَ

اخْرَانَهُ اسْتَنْصَرَ (ن - ص - ر) اسْتَنْصَرَ (ن - ص - ر) هَلْوَةً مَيْزَانَ اسْتَنْصَرَ اسْتَنْصَرَ هَلْوَةً اسْتَنْصَرَ اسْتَنْصَرَ

نَاصِرَ اسْتَنْصَرَ اسْتَنْصَرَ اسْتَنْصَرَ فَاعِلَ افْتَمَلَ اسْتَنْصَرَ

مَيْزَانَ اسْتَنْصَرَ (ن - ص - ر) اسْتَنْصَرَ (ن - ص - ر) اسْتَنْصَرَ (ف - ع - ل) اسْتَنْصَرَ (ف - ع - ل) اسْتَنْصَرَ (ف - ع - ل) اسْتَنْصَرَ

آلَهُمَّ إِنَّمَا نَعْلَمُ مِنَ الْكِتَابِ مَا أَنْتَ بِهِ أَعْلَمُ مَنْ يَأْتِي بِالنَّحْوِ الْمُهَمَّ إِنَّمَا نَعْلَمُ مِنَ الْكِتَابِ مَا أَنْتَ بِهِ أَعْلَمُ

مَيْزَانَ اسْتَنْصَرَ (ف - ع - ل) اسْتَنْصَرَ (ف - ع - ل) اسْتَنْصَرَ (ف - ع - ل) اسْتَنْصَرَ

مَيْزَانَ اسْتَنْصَرَ (ف - ع - ل) اسْتَنْصَرَ (ف - ع - ل) اسْتَنْصَرَ

آرَاءَ رَوَى مَيْزَانَ اسْتَنْصَرَ (ف - ع - ل) اسْتَنْصَرَ

সেহেতু তৈরী হয়েছে (J - ع - ف) এই মূল তিন হরফ দ্বারা। কিন্তু যে সকল শব্দের মূল হরফ চাকা পাঁচ সেই خماسي و رباعي و شدغولোর মূল মিজান কেমন হবে?

উত্তর খুবই সোজা। অর্থাৎ মিজান এর J কে একবার বা দুই বার পুনঃউচ্চারণ করলেই এর মিজান হয়ে যাবে। যেমন، بَعْشَرْ এর جَعْمَرِشُ এর مَيْزَانْ হলো تَفْعِلَ مিজান এর فَعْلِيلُ مিজান হলো تَفْعِلَ مিজান

মূলকথা

১। শব্দের মূল হরফ ও অতিরিক্ত হরফ নির্ধারণের জন্য তৈরীকৃত শব্দ-মাপকে মিজান দ্বারা পরিমাপকৃত শব্দকে মুজোন বলে। এবং مَيْزَان মিজান দ্বারা পরিমাপকৃত

শব্দকে মুজোন বলে।

২। (ف - ع - J) এর মূল হরফ হলো (ف - ع - م) এর মিজান ক্ষেত্রে (ف - ع - J) এর সংগে এক বা একাধিক অতিরিক্ত হরফ যুক্ত হয়।

৩। (ف - ع - J) এর যে হরফগুলো মুজোন এর বরাবরে হবে সেগুলো মূল হরফ আর (J - ع - ف) এর বাইরের হরফগুলো হলো অতিরিক্ত হরফ।

৪। (ف - ع - J) এর বরাবরে মুজোন এর যে হরফগুলো হবে সেগুলোকে যথাক্রমে ফা-কালিমা, آئِن-কালিমা ও لাম-কালিমা বলে।

৫। خماسي رباعي এর শব্দের ক্ষেত্রে (J - ع - ف) একটি J এবং مَيْزَان এর ক্ষেত্রে এ দু'টি J বর্ধিত করা হয়।

অনুশীলনী

১। নীচের গুলোর অতিরিক্ত হরফ চিহ্নিত করো।

أَفْعَلَ - مَفْعَلَ - مَفَاعِيلُ - فُعْوَلُ - مُسْتَفْعِلُ - تَفْعِلَ - إِفْعِلَلَ

تَفَاعَلٌ - مَفْعُولٌ - فَعْلٌ - إِنْفَعَلٌ - مُتَفَعِّلٌ

میزان (ک) ار (ج) خ () سے کوئی موزون اور جنی کوئی نہیں کرو۔

(ک) بَيْضَاءَ - أَخْمَرَ - تَعْلُمَ - حِكْمَةً - قُدْرَةً - تَرْبِيَةً - مَجَاهِدٌ -

تَدَخْرَجَ - بَعْثَرَ - تَبَعْثَرَ - غُرْوَبٌ - مُتَعَلِّمٌ - خِيَاطَةً

(خ) فِعْلَةً - مَفَاعِلٌ - تَفْعِلَةً - فُعْلَةً - فَعُولٌ - تَفَعَّلَ - تَفَعَلٌ -
فَعَلَلَ فَعَلَاءً - مُتَفَعِّلٌ - فِعَالَةً - أَفَعَلٌ

۳ । نیچر میزان موزون گلے کرو۔ اس پر اور موزون اور جنی کوئی نہیں کرو۔

إِسْتَفَرَ - مَفَاتِيحُ - مِضَابَحُ - عَلَمٌ - إِخْشَوْشَنَ - إِنْكَسَرَ - بُكَاءً

إِطْهَرَ - إِدْهِيمَامٌ - مَتَوَاضِعٌ - إِحْمَارٌ

۵ । اسکی اور جنی کوئی موزون اور جنی کوئی نہیں کرو۔ اس کو کوئی موزون کرو۔ اس کو کوئی نہیں کرو۔

إِنْفَعَلَ - مَفَاعِيلٌ - تَفَعَلٌ - يَسْتَفْعِلُونَ - فُعُولٌ

প্রশ্নমালা

১ । میزان کا کہ کوئی موزون کرو؟

২ । میزان کو کہ کوئی موزون کرو؟

৩ । شدید موزون اور جنی کوئی موزون کرو۔ اس کو کہ کوئی نہیں کرو۔

৪ । میزان کی کہ کوئی موزون کرو؟

৫ । میزان کو کہ کوئی نہیں کرو۔

৬ । موزون کا کہ کوئی موزون کرو؟

৭ । میزان کو کہ کوئی نہیں کرو۔

৮ । میزان کو کہ کوئی موزون کرو؟

- ১৯। এর মূল হরফ কোনগুলো এবং অতিরিক্ত হরফ কোনগুলো ?
- ২০। শব্দের মূল হরফ ও অতিরিক্ত হরফ বোঝার উপায় কি ?
- ২১। এখানে মূল হরফগুলো কি কি ?
- ২২। এর মূল হরফ তিনটি কেন রাখা হয়েছে ?
- ২৩। সাধারণতঃ আরবী শব্দের মূল হরফ কয়টি ?
- ২৪। মীজান কেমন হয় তাহলে যদি রباعي মুজুন ?
- ২৫। মীজান কেমন হয় তাহলে যদি خماسي মুজুন ?
- ২৬। কখন এ একটি J এবং কখন দু'টি J বাড়ানো হয় ?
- ২৭। এই এর মূল হরফ কয়টি ও কি কি ?
- ২৮। এই এর মূল হরফ কয়টি ও কি কি ?
- ২৯। ফা-কালিমা, আইন-কালিমা ও লাম-কালিমা কাকে বলে ?
- ৩০। কিংবা J এর বরাবরে মীজান এর যে হরফটি বসে তাকে কি বলে ?
- ৩১। শব্দের কোন হরফটি এর L এর বরাবরে রয়েছে ?
- ৩২। শব্দের কোন হরফটি এর F এর বরাবরে রয়েছে ?
- ৩৩। শব্দের কোন হরফটি এর ع এর বরাবরে রয়েছে ?

শোন হে ভাই ! ছয়টি গুণ ছাড়া কিছুতেই তুমি ইলম হাচিল
করতে পারবে না । মেধা, আগ্রহ, সাধনা, (অল্প রিষিকে) সন্তুষ্টি,
উত্তাদের সোহবত এবং সুদীর্ঘ সময় ব্যয় ।

- ইমাম শাফেয়ী (রহঃ)

كيف يُعرَفُ المُجَرَّدُ وَ الْمَزِيدُ فِيهِ

মুক্তমূল ও যুক্তমূল চেনার উপায়

ইতিপূর্বে তুমি এর পরিচয় জেনেছো, মجرد (বা মুক্তমূল) শব্দে শুধু মূল হরফ থাকে, অতিরিক্ত কোন হরফ থাকে না। আর মزید ফিলে (বা যুক্তমূল) শব্দে মূল হরফের সংগে অতিরিক্ত এক বা একাধিক হরফ যুক্ত হয়।

তবে মনে রাখতে হবে যে, মজিদ ও মজর্দ এর পরিচয় জেনেছো, অর্থাৎ এই ফেয়েলচিতে অতিরিক্ত হরফ না থাকলে তাকে বলা হবে। এই ফেয়েল থেকে তৈরী অন্যান্য ইত্যাদিতে যদি মূল হরফের সংগে অতিরিক্ত হরফ যুক্ত হয় তবু সেগুলো মজিদ, মজর্দ সব না। সুতরাং ফَتَحٌ - فَتَحْمٌ - يَفْتَحُونَ - فَاتِحٌ - مَفَاتِحٌ ইত্যাদি সব ইসম ও ফেয়েল ত্রিতীয় রূপে গণ্য হবে। কেননা প্রথম ফেয়েল তে ফتح তিনটি মূল হরফের সংগে অতিরিক্ত কোন হরফ নেই।

অদ্যপ কেননা মূল রিয়াই মজর্দ এগুলো সব ব্যাশের - بَعْشَرَ - يَبْعَشِرَ - مُبَغِّشَرَ ফেয়েল তে চারটি মূল হরফের সংগে অতিরিক্ত কোন হরফ নেই।

পক্ষান্তরে রিয়াই মায়ীদ পক্ষান্তরে রিয়াই মায়ীদ ফীহি। কেননা এখানে মাপ্তিয় ও মাপ্তিয় এর ফেয়েলচিতে মূল হরফের সংগে অতিরিক্ত হরফ যুক্ত হয়েছে।

سِلْسِلَةُ الْأَفْعَالِ

ক্রিয়ামালা

মাপ্তি - مصارع - أمر مصارع - مصارع - مصارع

এই তিনের প্রতিটি আবার দুই প্রকার দুই প্রকার (কর্তৃবাচক ক্রিয়া) ও (কর্মবাচক ক্রিয়া) তাহলে ফেয়েল মোট ছয় প্রকার হলো। যথা-

ماضٍ مَعْرُوفٌ ۱	مَاضِيٌّ مَجْهُولٌ ۲
مُضَارِعٌ مَعْرُوفٌ ۳	مُضَارِعٌ مَجْهُولٌ ۴
أَمْرٌ مَعْرُوفٌ ۵	أَمْرٌ مَجْهُولٌ ۶

আর প্রত্যেক প্রকার ফেয়েলের মোট পনেরটি চিফে বা শব্দরূপ হয়ে থাকে। (বা একবচন) এর পাঁচটি, যথা -

وَاحِدٌ مَذْكُورٌ حَاضِرٌ ۱	وَاحِدٌ مُؤْنَثٌ غَائِبٌ ۲
وَاحِدٌ مُتَكَلِّمٌ (مَذْكُورٌ وَمُؤْنَثٌ) ۳	وَاحِدٌ مُؤْنَثٌ حَاضِرٌ ۴

(বা বহুবচন) এর পাঁচটি, যথা -

جَمْعٌ مَذْكُورٌ حَاضِرٌ ۱	جَمْعٌ مُؤْنَثٌ غَائِبٌ ۲
جَمْعٌ مُتَكَلِّمٌ (مَذْكُورٌ وَمُؤْنَثٌ) ۳	جَمْعٌ مُؤْنَثٌ حَاضِرٌ ۴

(বা দ্বিবচনের) পাঁচটি, যথা -

تَشْنِيهٌ مَذْكُورٌ حَاضِرٌ ۱	تَشْنِيهٌ مُؤْنَثٌ غَائِبٌ ۲
تَشْنِيهٌ مُتَكَلِّمٌ (مَذْكُورٌ وَمُؤْنَثٌ) ۳	تَشْنِيهٌ مُؤْنَثٌ حَاضِرٌ ۴

এই পনেরটি ফেয়েলের একত্রিত নকশাকে স্লিলে অফিউল (ক্রিয়ামালা) বলে। এখানে আমরা হয় প্রকার ফেয়েলের নকশা বা সিলসিলা পেশ করছি। প্রতিটি সিলসিলায় পনেরটি চিফে বা শব্দরূপ থাকবে। এই নকশা ও সিলসিলা সম্পূর্ণ কষ্টস্থ করে নাও।

আরেকটা কথা এই যে, আমরা এখানে শুধু এর সিলসিলা পেশ করবো। সেটার উপর ভিত্তি করে তুমি বিভিন্ন এর সিলসিলা তৈরী করতে পারবে।

আশা করি বিষয়টি তোমার জন্য কঠিন হবে না। কেননা কিতাবে এই নকশা ও সিলসিলা তুমি মোটামুটি মুখস্থ করে এসেছো।

ماضي مثبت معروف

فعل {
 فعلت
 مذكر غائب سے کر رہے یا کر لیں |
 مؤنث مذكر
 مؤنث واحد

فعلت {
 فعلت
 مذكر حاضر تُعْلَمُ کر رہے یا کر لیں |
 مؤنث مذكر
 مؤنث واحد

فعلت {
 فعلت
 مذكر متکلم آمی کر رہی یا کر لیا
 مؤنث مذكر
 مؤنث واحد

فعلوا {
 فعلن
 مذكر غائب تارا (سکلن) کر رہے یا کر لیں |
 مؤنث مذكر
 مؤنث جمع

فعلتم {
 فعلتن
 مذكر حاضر تَأْمِرَا (سکلن) کر رہے یا کر لیں |
 مؤنث مذكر
 مؤنث جمع

فعلنا {
 فعلنا
 مذكر متکلم آمروا (سکلن) کر رہی یا کر لیا
 مؤنث مذكر
 مؤنث جمع

فعلأ {
 فعلتنا
 مذكر غائب تارا (دُوْجَن) کر رہے یا کر لیں |
 مؤنث مذكر
 مؤنث تشنية

فعلتما {
 فعلتما
 مذكر حاضر تَأْمِرَا (دُوْجَن) کر رہے یا کر لیں |
 مؤنث مذكر
 مؤنث تشنية

فعلنا {
 فعلنا
 مذكر متکلم آمروا (دُوْجَن) کر رہی یا کر لیا
 مؤنث مذكر
 مؤنث تشنية

ما هو أصل الفعل ফেয়েলের মূল কি ?

ছারফশাস্ত্রের বিশারদগণ সিদ্ধান্ত দিয়েছেন যে, হলো সকল ফেয়েলের মূল। অর্থাৎ মুক্তির পথে থেকেই করা হয়েছে। তবে প্রতিটি মুক্তির পথে একটিমাত্র করা হয়েছে। আর সেটা হলো এর পুরুষ পাশ্চাত্য পদ করা হয়েছে। অর্থাৎ এর পুরুষ পদটি অসমীয়া শব্দ নয়। অর্থাৎ এর পুরুষ পদটি অসমীয়া শব্দ নয়। এর পুরুষ পদটি অসমীয়া শব্দ নয়। এর পুরুষ পদটি অসমীয়া শব্দ নয়। এর পুরুষ পদটি অসমীয়া শব্দ নয়।

এই একটি মাত্র ফেয়েলের শেষে এর লিংগ, বচন ও পুরুষের বিভিন্ন আলামত যোগ করে ফেয়েলের মোট পনেরটি চীজ বা শব্দরূপ তৈরী করা হয়েছে।

মোটকথা থেকে তৈরী মূলত একটি, কিন্তু ফায়েলের লিংগ, বচন ও পুরুষ হচ্ছে বিভিন্ন, যার করণে ফেয়েলের মোট পনেরটি চীজ বা শব্দরূপ হয়েছে।

উদাহরণ স্বরূপ ফুল সম্পর্কে চিন্তা করো; এখানে মূল ফেয়েল হচ্ছে একটি সাক্ষিত করে থাকতে যোগ করা হয়েছে। এটা ফায়েলের মোট পনেরটি চীজ বা শব্দরূপ হওয়ার আলামত।

তদুপরি এই ফুল থেকে সাক্ষিত করে থাকতে যোগ করা হয়েছে। এটা ফায়েলের মোট পনেরটি চীজ বা শব্দরূপ হওয়ার আলামত।

তদুপরি এই ফুল থেকে সাক্ষিত করে থাকতে যোগ করা হয়েছে। এটা ফায়েলের লিংগ, বচন ও পুরুষের আলামত রূপে এবং এবং যোগ করা হয়েছে। এ দুটি যথাক্রমে ফায়েলের মোট পনেরটি চীজ বা শব্দরূপ হওয়ার আলামত। অন্যান্য ছীগাণ্ডো সম্পর্কেও একই কথা।

প্রতিটি মুক্তির পথে থেকেই কেও কেও পুরুষ পদটি অসমীয়া শব্দ নয়। এর পুরুষ পদটি অসমীয়া শব্দ নয়। এর পুরুষ পদটি অসমীয়া শব্দ নয়।

مضارع مجهول کے تیاری کرنا ہے ۔ اس کا ماضی مضارع پریورٹن ہتھیا ہے । تیاری کرنا ہے اس کا ماضی مضارع معروف پریورٹن ہتھیا ہے । تاہلے خواؤسا کথا اسی ماضی معروف واحد مذکر غائب مصدر سے ہے - اسی اکٹیماٹر نے تیاری ہے ۔ اس پر تار ماں بیٹھنے پریورٹن ہتھیا ہے । ماضی معروف فعل تیاری کرنا ہے । اس پر سے گلوں کے سامنے اسی ماضی معروف کا فاعل اسی بیٹھنے پریورٹن ہتھیا ہے । اس پر آمروں کا بیٹھنے ہیگا ہے تیاری کرنا ہے میاں کے لئے بیٹھنے ہیگا ہے ।

مُلْكَثَا

۱۔ فےیلے موت تین پرکار ۔ امر ۔ ماضی ۔ مضارع

پریٹی آواز دوڑی پرکار ۔ یخاں ۔

۱۔ ماضی معروف ۲۔ ماضی مجهول ۳۔ ماضی معروف ۱

۴۔ امر مجهول ۵۔ امر معروف ۶۔ امر مجهول ۷۔ امر معروف ۸۔ ماضی معروف

۲۔ فےیلے کے ملے ہلے ماحصلہ ، آوار ملے فےیلے ماتھ اکٹی ، اسی ماضی معروف واحد مذکر غائب ۹۔ اس پر تار ماں بیٹھنے پریورٹن ہتھیا ہے ۔ اس پر بیٹھنے پریورٹن ہتھیا ہے اسی ماضی مجهول و ماضی معروف کا فاعل تیاری کرنا ہے ۔ آواز ماضی معروف کے ماضی مجهول کے تیاری کرنا ہے اس پر اسی اکٹی کا فاعل تیاری کرنا ہے ۔

پرسنال مالا

۱۔ تین پرکار فےیلے کی کی ۔

۲۔ فےیلے کے اسی تین پرکار کون ہیسا ہے ۔

۳۔ کال ہیسا ہے فےیلے کا کوئی پرکار و کی کی ۔

۴۔ اس کا فاعل اس کا فعل کا کوئی پرکار و کی کی ۔

۵۔ کاکے والے اس کا کوئی پرکار و کی کی ۔

- ৬। কাল ও কর্তা হিসাবে ফعل গুলোর নাম বলো ।
- ৭। সমস্ত ফেয়েলের মূল কি ?
- ৮। থেকে কয়টি ফعل তৈরী করা হয় ?
- ৯। مصادر এই তিনি প্রকার ফেয়েলের কোনটি
থেকে তৈরী করা হয় ?
- ১০। مصادر থেকে তৈরী করা হয় এর কোনটি মাচ্চি মজহুল ও মাচ্চি মুরোফ ?
- ১১। مصادر থেকে তৈরী করা হয় এর পনেরটি মাচ্চি মুরোফ ।
- ১২। صيغه এর অন্যান্য মাচ্চি মুরোফ কিভাবে তৈরী করা হয় ?
- ১৩। ماضي মুরোফ এর শেষে কি যোগ করে এর
অন্যান্য صيغه তৈরী করা হয় ?
- ১৪। فاعل এর শেষে এর বিভিন্ন আলামত
কেন যোগ করা হয় ?
- ১৫। ماضي মজহুল ও এক মাচ্চি মুরোফ কোথেকে তৈরী করা হয় ?
- ১৬। مضارع মুরোফ কোথেকে তৈরী করা হয় ?
- ১৭। مضارع সজহুল কোথেকে তৈরী করা হয় ?
- ১৮। কোথেকে তৈরী করা হয় ?

তুমি যদি ইলমের জন্য তোমার সর্বস্ব দান করো তাহলে
ইলম তোমাকে সামান্য কিছু দান করবে । আর ইলম বড়
গায়রতওয়ালা, তাই ইলম কারো দুয়ারে আসে না, বরং ইলমের
দুয়ারে সবাইকে আসতে হয় ।

عَلَامَاتُ الْفَاعِلِ فِي صِيَغِ الْمَاضِي

মায়ীর বিভিন্ন ছীগায় ফায়েলের আলামত

একথা তুমি জেনে এসেছো যে, এর শেষে
ماضي معرف واحده ذكر غائب .
ماضي فاعل এর لিংগ, বচন ও পুরুষের বিভিন্ন আলামত যুক্ত হয় এবং এভাবে
صيغه তৈরী হয়। এখন আমরা এখানে সেই
আলামতগুলো তোমার সামনে তুলে ধরবো।

এই ফেয়েলের মাঝে বিদ্যমান হো

فَعَلْ (واحد ذكر غائب)

যামীর হলো - فاعل - এখানের ফায়েলের

লিংগ, বচন ও পুরুষের কোন আলামত
নেই।

সাকিন হলো ফায়েল مُؤنث ت

فَعَلْتْ (واحد مؤنث غائب)

হওয়ার আলামত। এই ফেয়েলের মাঝে

বিদ্যমান হো যামীর হলো فاعل

সাকিন করে মাফতৃহ ت

فَعَلْتَ (واحد ذكر حاضر)

যোগ করা হয়েছে। এটা فاعل এর যামীর

এবং ফায়েল واحد ذكر حاضر হওয়ার

আলামত।

সাকিন করে মাকসূর ت

فَعَلْتِ (واحد مؤنث حاضر)

যোগ করা হয়েছে। এটা فاعل এর যামীর

এবং ফায়েল واحد ذكر حاضر হওয়ার

আলামত।

সাকিন করে মাযমূম তা

فَعَلْتُ (واحد متكلم)

যোগ করা হয়েছে। এটা فاعل এর যামীর

এবং ফায়েল একটি স্বতন্ত্র হওয়ার
আলামত।

লামকে মাযমূম করে ওয়াও যোগ
করা হয়েছে। এটা এর যামীর এবং
ফায়েল জমি মুক্তি হওয়ার
আলামত।

فَعَلْ وَا (جمع مذكر غائب)

লামকে সাকিন করে মাফতূহ নূন
যোগ করা হয়েছে। এটা এর যামীর
এবং ফায়েল জমি মুক্তি হওয়ার
আলামত।

فَعَلْ نَ (جمع مؤنث غائب)

লামকে সাকিন করে তম যোগ করা
হয়েছে। এটা এর যামীর এবং
ফায়েল জমি মুক্তি হওয়ার আলামত।

فَعَلْ تُمْ (جمع مذكر حاضر)

লামকে সাকিন করে تون যোগ করা
হয়েছে। এটা এর যামীর এবং
ফায়েল জমি মুক্তি হওয়ার
আলামত।

فَعَلْ تُنَّ (جمع مؤنث حاضر)

লামকে সাকিন করে نـ যোগ করা
হয়েছে। এটা এর যামীর এবং
ফায়েল জমি মুক্তি হওয়ার আলামত।

فَعَلْ نَـا (جمع متكلم)

লামকে মাফতূহ করে আলিফ যোগ
করা হয়েছে। এটা এর যামীর এবং
ফায়েল জমি মুক্তি হওয়ার
আলামত।

فَعَلَ ا (تشنية مذكر غائب)



আলামত ।

লামকে মাফতুহ করে তা যোগ করা
হয়েছে। এটা ফاعل এর যামীর এবং
ফায়েল শিনি মৌন্ত গাব হওয়ার
আলামত ।

فَعَلَ تَا (شنيه مؤنث غائب)

লামকে সাকিন করে তা যোগ করা
হয়েছে। এটা ফاعل এর যামীর এবং
ফায়েল শিনি মذكر و مونث حاضر
আলামত । (সুতরাং এই হচ্ছে দু'টি ছীগার
আলামত ।)

فَعَلَ تَا (شنيه مذكر و مؤنث حاضر)

লামকে সাকিন করে তা যোগ করা
হয়েছে। এটা ফاعل এর যামীর এবং /
فاعل گھٹانیہ ہنڈا گھٹانیہ ۴۳۷۷
ফায়েল
অনুশীলনী

فَعَلَ نَا (شنيه متكلم)

১। অতি দ্রুত বলে যাও ।

নমুনা

(সে করেছে বা করল ।) ফায়েলের লিংগ, বচন ও পুরুষের
কোন আলামত নেই। ফেয়েলের মাঝে বিদ্যমান হো যামীর
হচ্ছে ফায়েল ।

فَعَلَ

(সে করেছে বা করল ।) সাকিন তা হলো ফায়েল
واحد মৌন্ত গাব হওয়ার আলামত। ফেয়েলের মাঝে বিদ্যমান
হী যামীর হচ্ছে ফায়েল ।

فَعَلْتُ

(তুমি করেছো বা করলে ।) মাফতুহ ত হলো ফায়েল
واحد মذker حاضر হওয়ার আলামত এবং ফায়েলের যামীর ।

فَعَلْتُ

فَعَلْتُ - فَعَلُوا - فَعَلْتِ - فَعَلْتَ - فَعَلَّا - فَعَلْلَنَ - فَعَلْلُنَّ - فَعَلَّتَا -
فَعَلَّنَا - فَعَلْلُتُمْ - فَعَلَّتَمَا

২। এর লিংগ, বচন ও পুরুষের আলামত ও যামীরগুলোর পরিচয় অতি দ্রুত বলে যাও।

ت - ت - و - ن - ت - نَا - تُم - بِ - تَنَّ - نَا - تُمَا - ا - تَا

৩। অনুশীলন - ১ এর নমুনা হিসাবে অতি দ্রুত বলে যাও।
ذَهَبَ - قُلْتُمْ - شَكَرْنَا - تَعْلَمَ - سَافَرْتُنَّ - إِبْتَسَمَ - سَمِعَنَ - تَصَدَّقَا
رَجَعْتَ - صَلَيْتَ - أَخْرَجْتَ

৪। নীচের প্রতিটি মাছদার থেকে প্রথমে পাশি মুক্তি প্রাপ্তি এবং পূর্ণ ক্রিয়ামালা মুখস্থ করো।

الْذَّهَابُ - الْكِتَابَةُ - النَّصْرُ - الْفَتْحُ - الْضَّرْبُ - التَّزْوُلُ - الشُّكْرُ - الْمَعْرِفَةُ -
السُّؤَالُ - السَّمْعُ - الشُّرْبُ - الْإِكْرَامُ - التَّعْلِيمُ - التَّصَدُّقُ - الْإِقْرَابُ

